

## উৎসব

ওরা বলল এখানে উৎসব হবে। ওদের উৎসব  
লোক আসছে। লোক ঘুরছে। রাস্তায় শামিয়ানা টাঙানো  
জনে জনে এসে রাজপুত্রের খোঁজ নিয়ে যাচ্ছে ওরা।  
ওদের রাজপুত্র।

চারণ গান গাইছে। তোমার প্রিয় পদ। শেষ হল।  
তুমি আসতে পার ভেবে বারে বারে শু হুচ্ছে পাঠ।  
উপাসনা-গৃহদ্বারে উঁকি দিয়ে দেখে যাচ্ছে কেউ।  
ঈশ্বর আসেন নি।

ভোর থেকে উপোসী আছি। শুদ্ধ বস্ত্রে। স্পর্ধা করেছি।  
অকালবিধবা আমি, তায় ঘুঁটেকুড়ু নির মেয়ে;  
ঈশ্বর, তোমাকে যদি দূর থেকে একটিবার দেখি  
অকল্যাণ হবে কি তোমার?

মন্দাত্রান্তা সেন

